

সাম্প্রতিক প্রধান অর্জনসমূহ:

ডিইএমও, রাংগামাটি বৈদেশিক কর্মসংস্থানে সহায়তা প্রদান, অভিবাসন ব্যবস্থাপনায় মধ্যস্বত্বভোগীদের দৌরাঅ হ্রাস, প্রবাসী কর্মীদের কল্যাণমূলক কাজ এবং হয়রানীমুক্ত নিরাপদ অভিবাসন নিশ্চিতকরণে কাজ করছে। ঝুঁকিবিহীন স্বচ্ছ ও নিরাপদ অভিবাসন নিশ্চিতকরণ এবং বৈদেশিক কর্মসংস্থানে সহায়তা করার লক্ষ্যে ডিইএমও, রাংগামাটি বিদেশ গমনেচ্ছু কর্মীদের বাধ্যতামূলক রেজিস্ট্রেশন, ফিঞ্জারপ্রিন্ট গ্রহণ এবং অনলাইনে ভিসা যাচাই সেবা প্রদান করে আসছে। এছাড়া অভিবাসন ব্যবস্থাপনায় মধ্যস্বত্বভোগী শ্রেণীর দৌরাঅ হ্রাস, অভিবাসন বিষয়ক সুযোগ-সুবিধা জনগণকে অবহিতকরণ ও জনসচেতনতামূলক লিফলেট বিতরণ, পোস্টার, ফেস্টুন, ব্যানার প্রদর্শন এবং নিরাপদ অভিবাসন ও বৈধ পথে রেমিটেন্স প্রেরণ বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা আয়োজন ও বিজ্ঞপ্তি ব্যাপকভাবে প্রচার করা হয়েছে। ফলে মধ্যস্বত্বভোগী শ্রেণীর দৌরাঅ হ্রাস সম্ভব হয়েছে এবং জনসচেতনতা বৃদ্ধি পাওয়ায় পরোক্ষভাবে অভিবাসন ব্যয়ও হ্রাস পেয়েছে এবং সর্বোপরি রেমিটেন্স প্রবাহ বৃদ্ধি পেয়েছে।